

একই স্মারক নম্ব ও তারিখে স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইপ-১ শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

স্মারক নং-৪৬.০০.৩৫০০.০১৭.২৭.০০১.১৫.৩ ২০

তারিখ : ২৭ চৈত্র, ১৪২২ বঙ্গাব্দ।  
১০ এপ্রিল, ২০১৬ খ্রিঃ।

অফিস আদেশ


যেহেতু গোপালগঞ্জ জেলার টুঙ্গীপাড়া উপজেলার কুশলী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জনাব পারভেজ রেজা হোসেন এর বিরুদ্ধে- (ক) কুশলী ইউনিয়ন পরিষদ ভবন সংস্কার ও তথ্য সেবা কেন্দ্রে আসবাবপত্র সরবরাহ প্রকল্পে ২টি কম্পিউটার টেবিল ও ২টি কম্পিউটার চেয়ার সরবরাহ না করে ২৫,৫২০/- টাকা আত্মসাৎ করেছেন মর্মে এবং (খ) কুশলী ইসলামিয়া উচ্চ বিদ্যালয়/কুশলী জুবিলী সরকারী প্রাথমিক বিদ্যালয়ে মাঠ ভরাট বাবদ বরাদ্দকৃত ১,৫৬,০০০/- টাকা নির্ধারিত প্রকল্পে ব্যয় না করে ভূয়া মাস্টার রোলের মাধ্যমে বিতরণ/সমন্বয় দেখিয়ে তিনি নিজেই আত্মসাৎ করেছেন মর্মে অভিযোগ জেলা প্রশাসক, গোপালগঞ্জ এর তদন্তে প্রমাণিত হয়েছে;

যেহেতু এরূপ অভিযোগ স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪ উপধারা (১) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

যেহেতু, গোপালগঞ্জ জেলার টুঙ্গীপাড়া উপজেলার কুশলী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জনাব পারভেজ রেজা হোসেন এর বিরুদ্ধে এরূপ অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁর দ্বারা ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু উক্ত ইউপি চেয়ারম্যান-কে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) মোতাবেক সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২. এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

  
(শরীফা আহমেদ)

সিনিয়র সহকারী সচিব

☎ ৯৫৮৬৬০৫

Email : lgup1@lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.৩৫০০.০১৭.২৭.০০১.১৫.৩ ২০

তারিখ : ২৭ চৈত্র, ১৪২২ বঙ্গাব্দ।  
১০ এপ্রিল, ২০১৬ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১. জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
০২. উপজেলা নির্বাহী অফিসার, টুঙ্গীপাড়া, গোপালগঞ্জ।
০৩. জনাব পারভেজ রেজা হোসেন, চেয়ারম্যান (সাময়িকভাবে বরখাস্তকৃত), কুশলী ইউনিয়ন পরিষদ টুঙ্গীপাড়া, গোপালগঞ্জ।
০৪. সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

  
(শরীফা আহমেদ)

সিনিয়র সহকারী সচিব